

## **া** দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত বন্টনের খাতসমূহ রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

নিকটাত্মীয়কে যাকাত দেওয়ার বিধান

কোন নিকটাত্মীয় প্রকৃতপক্ষে যাকাতের হকদার হলে তাকে যাকাত দেওয়া যাবে। এমনকি এতে দিগুণ ছওয়াব অর্জিত হবে।

হাদীছে এসেছে,

عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم الصَّدَقَةُ عَلَى الْمِسْكِيْنِ صَدَقَةٌ وَهِيَ عَلَى ذِى الرَّحِم ثِنْتَانِ صَدَقَةٌ وَصِلَةٌ ـ

সালমান ইবনু আমের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, 'মিসকীনকে ছাদাকাহ্ দিলে একটি ছাদাকাহ্ হয়। কিন্তু সে যদি রক্ত সম্পর্কীয় নিকটাত্মীয় হয়, তবে নেকী দিগুণ হয়। (১) ছাদাকার নেকী (২) আত্মীয়তা রক্ষার নেকী'।[1]

## ফুটনোট

[1].মুসনাদে আহমাদ হা/১৬২৭৭; তিরমিয়ী হা/৬৫৮; মিশকাত হা/১৯৩৯; আলবানী, সনদ ছহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3338

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন